# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# সপ্তম শ্রেণি

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# সপ্তম শ্রেণি

## সাধারণ নির্দেশনা

- মাধ্যমিক স্তরের ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত মূল্যায়ন নির্দেশনা:

২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণির সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর ভিত্তিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১. মূল্যায়ন কার্যক্রম শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়ন এই দুটি ভাগে অনুষ্ঠিত হবে।

২. মোট ১০০ নম্বরের মধ্যে শিখনকালীন মূল্যায়নের গুরুত্ব হবে ৩০% এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের গুরত্ব হবে ৭০%।

৩. বার্ষিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ৭০ নম্বরে রুপান্তর করে এবং শিখনকালীন মূল্যায়নের বরাদ্দকৃত ৩০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর একত্রিত করে মোট ১০০ নম্বরের ভিত্তিতে বিষয়ভিত্তিক ফলাফল নির্ধারণ করতে হবে। ।

৪. (ক) বিষয়ভিত্তিক নির্দেশনাবলীতে উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫. নৈর্ব্যক্তিকসহ সকল বিষয়ের লিখিত পরীক্ষা গ্রহণের মোট সময় হবে ৩ ঘন্টা।

৬. বিষয়শিক্ষকগণকে নিজ নিজ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য যথাযথ গোপনীয়তা রক্ষা করে শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত নমুনা প্রশ্নপত্রের মতো নিজেরাই প্রশ্নপত্র তৈরি করে বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন।

৭. সংশ্লিস্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণকে শ্রেণি/বিষয় শিক্ষকের সাহায্যে যথাযথ গোপনীয়তা রক্ষা করে প্রশ্নপত্র প্রণয়ন এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করতে হবে।

৮. লিখিত পরীক্ষার উত্তর লেখার জন্য বিদ্যালয় কর্তৃক প্রয়োজনীয় খাতা সরবরাহ করতে হবে।

৯. মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার ধারার বিশেষায়িত বিষয়সমূহের বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

১০. সকল ধারার দশম শ্রেণির বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

বিষয় : শিল্প ও সংস্কৃতি

সপ্তম শ্রেণি

**(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রম | অভিজ্ঞতার নাম | তত্ত্বীয় | ব্যবহারিক |
|---|---|---|---|
| ১. | স্বাধীনতা আমার | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | ছবি আঁকার মধ্য দিয়ে স্বাধীনতার অনুভূতি প্রকাশ<br>স্বাধীনতা বিষয়ক গল্প পাঠ/ আবৃত্তি/ গান/ অভিনয় |
| ২. | বৈচিত্র্যে ভরা বৈশাখ | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | আলপনা অংকন, বৈশাখী মেলার দৃশ্য অংকন<br>দেশীয় সংস্কৃতি/ বর্ষবরণের আবৃত্তি/ গান/ অভিনয়। |
| ৩. | কাজের মাঝে শিল্প খুঁজি | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | দাদরা তালে 'সৃষ্টি সুখের উল্লাসে' আবৃত্তি/শ্রমভঙ্গি আঁকা |
| ৪. | প্রাণ-প্রকৃতি | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | কাব্য নাটক<br>প্রাকৃতিক দৃশ্য |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

**(i) শিখনকালীন মূল্যায়ন**

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| শ্রেণির কাজ (একক, দলগত) | ১০ |
| বইয়ের কাজ( বইয়ের নির্ধারিত স্থানে লেখা/ ছবি আঁকা) | ১০ |
| বাড়ির কাজ (শিক্ষক নির্দেশিকা অনুসারে) | ১০ |
| মোট | ৩০ |

**(ii) সামষ্টিক মূল্যায়ন -** (অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০)

| আইটেমের নাম (Item name) | | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | ব্যবহারিক অংশ | | | ৩ ঘন্টা |
| চারুকলা/ সংগীত / নৃত্য / অভিনয় / যন্ত্র সংগীত ইত্যাদি যে কোনো একটি শাখার ব্যবহারিক কাজ | | ১ | ১×২০=২০ | |
| বন্ধুখাতা | | ১ | ১×১৫=১৫ | |
| | তত্ত্বীয় অংশ | | | |
| অতি সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | | ১৫ | ১×১৫=১৫ | |
| সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | | ৪ | ৫×৪=২০ | |
| ছবি দেখে লেখো | | ১ | ১০×১=১০ | |
| রচনামূলক উত্তরের প্রশ্ন | | ২ | ১০×২=২০ | |
| | মোট | | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

বার্ষিক পরীক্ষা ২০২৪
শিল্প ও সংস্কৃতি
সপ্তম শ্রেণির নমুনা প্রশ্নপত্র
সময়: ৩ ঘন্টা
পূর্ণমান: ১০০

(ডান পাশে প্রশ্নের জন্য নির্ধারিত নম্বর উল্লেখ করা হয়েছে)

## তত্ত্বীয় অংশ (ক বিভাগ)

**১. এক কথায় উত্তর দাও/অতি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে) ১৫ x ১=১৫**

(ক) মুক্তিযুদ্ধ নিয়ে আঁকা ২টি পোস্টারের নাম লেখো।

(খ) বাংলাদেশের জাতীয় পতাকার নকশাকার কে?

(গ) সংগ্রাম ছবিটি কার আঁকা?

(ঘ) বাংলা গজলের স্রষ্টা কে?

(ঙ) দাদরা তাল কয় মাত্রা?

(চ) মৃৎশিল্পে কোন ধরনের মাটি ব্যবহৃত হয়?

(ছ) প্রাচীনকালে কোন কাপড়ের জন্য সারা বিশ্বে বাংলার সুখ্যাতি ছিল?

(জ) শিল্পী এস এম সুলতান শিশুস্বর্গ কেনো প্রতিষ্ঠা করেছেন?

(ঝ) বাংলাদেশের কোন অঞ্চল মনিপুরী তাঁতের জন্য বিখ্যাত?

(ঞ) বাংলার দুটো লোকশিল্পের নাম লেখো।

(ট) আমাদের দেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দুটি উৎসবের নাম লেখো।

(ঠ) কুম্ভকার বলা হয় কাদের?

(ড) হাতের তালির মাধ্যমে আমরা কোন বিষয় সম্পর্কে ধারণা পাই?

(ঢ) দুটি শিল্পভিত্তিক পেশার নাম লেখো।

(ণ) বাঁশ ও বেতের তৈরি দুটি ব্যবহার সামগ্রীর নাম লেখো।

- **অতি সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

অতি সংক্ষিপ্ত প্রশ্ন মূল্যায়নের ক্ষেত্রে সঠিক শব্দ বা শব্দগুচ্ছ এসেছে কিনা লক্ষ রাখতে হবে।

**উত্তরমালা**

**ক - i)** বাংলার মায়েরা মেয়েরা সকলেই মুক্তিযোদ্ধা, ii) সদা জাগ্রত মুক্তিবাহিনী **, খ-** শিল্পী কামরুল হাসান, **গ-** শিল্পাচার্য জয়নুল আবেদিন**, ঘ-** কাজী নজরুল ইসলাম, **ঙ-** ৩ মাত্রা, **চ-** আঠালো মাটি, **ছ-** মসলিন কাপড়ের জন্য, **জ-** মননশীল নতুন প্রজন্ম গড়ার জন্য , **ঝ-** সিলেট, **ঞ-** মৃৎশিল্প, তাঁতশিল্প **, ট-**বৈশাবি,বিজু, **ঠ-** যাঁরা মাটি দিয়ে বিভিন্ন শিল্পকর্ম তৈরি করেন, **ড-** গানের তাল সম্পর্কে ধারণা পাই, **ঢ-**কামার,তাঁতি, **ণ-** মই ,কুলা

**২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন** **৫ X ৪=১৫**

(যে কোনো ৪ টি)

ক) বাংলাদেশের জাতীয় পতাকার রং দুটির অন্তর্নিহিত তাৎপর্য লেখো।

খ) পটুয়া নামে কোন শিল্পীকে ডাকা হয় ? কেন তাঁকে পটুয়া নামে ডাকা হয়?

গ) শ্রমভঙ্গি কী?

ঘ) আলপনা কী?


ঙ) ফুটিকার্পাস দিয়ে তৈরি সুতায় বোনা কোন কাপড় বাংলার গৌরব বৃদ্ধি করেছিল? কেন?

- **সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**
- উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুব্রিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুব্রিক্স নিচে দেওয়া হলো।

নমুনা প্রশ্ন: গ. শ্রমভঙ্গি কী?

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| শ্রমভঙ্গি এর মূল ধারণা | ২ | |
| বিভিন্ন শ্রমভঙ্গির পার্থক্য উল্লেখ করলে | ২ | |
| উদাহরণ এর জন্য | ১ | |

**৩. ছবি দেখে লেখো। (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) ১০ X ১=১০**



উপরের ছবি দেখে যা মনে হচ্ছে নিজের ভাষায় লেখো।

- **ছবি দেখে লেখো (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) এর জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| ছবির বিষয়বস্তু সঠিকভাবে পর্যবেক্ষণ করে লেখা | ২ | |
| বর্ণনায় নিজস্ব কল্পনার উপস্থিতি | ৩ | |
| উপস্থাপনার মধ্যে সৃজনশীলতা | ৩ | |
| ছবিটি সম্পর্কে নিজস্ব মতামত দিতে পারা | ২ | |

নোট:

- শিক্ষক প্রশ্নে এমন একটি ছবি তুলে দেবেন যাতে শিক্ষার্থীরা কল্পনা করে লেখার সুযোগ পায়।
- ছবিগুলোতে বিভিন্ন অবজেক্ট যথেষ্ট বড়ো থাকবে যাতে শিক্ষার্থীরা ভালো করে বুঝতে পারে।
- এমন ছবি নির্বাচন করবেন যা ফটোকপি করলেও স্পষ্ট বোঝা যায়।

**৪. রচনামূলক উত্তর প্রশ্ন** **২X১০=২০**

(যে কোনো ২ টি)

ক) কার নেতৃত্বে বাংলাদেশের জাতীয় প্রতীকের নকশা করা হয়? জাতীয় প্রতীকের মর্মার্থ ব্যাখ্যা করো?

খ) মৃৎশিল্পে কীভাবে মাটি প্রস্তুত করতে হয়?

গ) এস এম সুলতান তাঁর ছবিতে কী কী বিষয় ফুটিয়ে তুলতে চেয়েছেন?

ঘ) মুক্তিযুদ্ধে শিল্পীসমাজের অবদান বর্ণনা করো।

- **রচনামূলক প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুব্রিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুব্রিক্স নিচে দেওয়া হলো।

**নমুনা প্রশ্ন:** মৃৎশিল্পে কীভাবে মাটি প্রস্তুত করতে হয়?

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| মৃৎশিল্পের জন্য কি ধরনের মাটি প্রয়োজন হয় | ৩ | |
| মৃৎশিল্পের জন্য মাটিতে কী পরিমাণ পানি মিশাতে হয় | ৩ | |
| কখন মাটিগুলো শিল্প তৈরির জন্য প্রস্তুত হয় | ৪ | |

## ব্যবহারিক অংশ (খ বিভাগ) মোট নম্বর - ৩৫

১. বন্ধুখাতা প্রদর্শন ১৫

২. যেকোনো একটি কাজ/ কার্যক্রম করে দেখাও- ২০

মুক্তিযুদ্ধকে ভিত্তি করে একটি চিত্র অঙ্কন করো

অথবা

দেশাত্মবোধক গান/ নাচ

অথবা

মুক্তিযুদ্ধর উপর লেখা নাটকের অভিনয়/ কবিতা আবৃত্তি

- **বন্ধুখাতা প্রদর্শন**

পরীক্ষার সময় শিক্ষার্থীদের বন্ধুখাতা নিয়ে আসতে বলতে হবে।

| **মূল্যায়নে বিবেচ্য** | **প্রাপ্ত নম্বর** | **মন্তব্য** |
|---|---|---|
| নিজের সৃজনশীলতা প্রয়োগ করে বন্ধুখাতা তৈরি | ৫ | |
| সিলেবাস অনুসারে পাঠ্যপুস্তকে নির্দেশিত সকল কাজ সম্পাদন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |
| অধিকতর অনুশীলন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |

- **ব্যবহারিক কাজ মূল্যায়নে করণীয় বা রুব্রিক্স**
- ছবি আঁকার ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| বিষয়বস্তুর সঠিক আকার ও আকৃতি | ৫ | পরিপ্রেক্ষিতের সঙ্গেও এটি সম্পৃক্ত |
| ছবির বিষয়বস্তুর সজ্জা বা কম্পোজিশন | ৫ | |
| পরিপ্রেক্ষিতের বা দূরত্ব ও অনুপাতের ব্যবহার | ৫ | আকার ও আকৃতির সঙ্গেও এটি সম্পৃক্ত |
| রং/ আলোছায়ার ব্যবহার | ৫ | |

- সংগীত ও নৃত্যের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ/ নাচের মুদ্রা | ৫ | |
| তাল ও লয় | ১০ | |
| সুর/ ভাবরস (এক্সপ্রেশন) | ৫ | |

- অভিনয়ের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| সঠিকভাবে চরিত্রের রূপায়ন | ১০ | |
| উচ্চারণ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ৫ | |

- আবৃত্তির ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ | ৫ | |
| লয়, ছন্দ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ১০ | |